# ৭ম শ্রেণিতে ক্যাডেট কলেজসমূহে ভর্তির বিজ্ঞপ্তি - ২০২৪

**বিস্তারিত তথ্যের জন্য ঃ https://cadetcollege.army.mil.bd**



১। ক্যাডেট কলেজসমূহ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ সেনাবাহিনীর এ্যাডজুটেন্ট জেনারেল শাখার প্রত্যক্ষ তত্ত্বাবধানে পরিচালিত সংবিধিবদ্ধ আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান। ঐতিহ্যবাহী এই শিক্ষা প্রতিষ্ঠানসমূহ লেখাপড়ার পাশাপাশি গুরুত্বের সাথে সহশিক্ষা কার্যক্রম (Co-curricular Activities) এবং অতিরিক্ত শিক্ষা কার্যক্রম (Extra-curricular Activities) পরিচালনা করে ক্যাডেটদের সুনাগরিক এবং চৌকস ব্যক্তিত্ব হিসেবে গড়ে তোলে। সুদক্ষ অধ্যক্ষগণের নেতৃত্বে সামরিক অফিসারের তত্ত্বাবধানে প্রাথমিক সামরিক প্রশিক্ষণ (Elementary Military Training) এবং নেতৃত্বের প্রশিক্ষণ (Leadership Training) প্রদানের পাশাপাশি দক্ষ অনুষদ সদস্যগণের সার্বিক তত্ত্বাবধানে গুনগত শিক্ষা কার্যক্রম পরিচালনার মাধ্যমে ক্যাডেটদের এমনভাবে গড়ে তোলা হয়, যাতে ভবিষ্যতে তারা সশস্ত্রবাহিনীসহ সমাজের সকল ক্ষেত্রে দেশে ও বিদেশে যোগ্য নেতৃত্ব প্রদান করতে পারে। বর্তমানে বাংলাদেশে ছেলেদের ০৯ টি এবং মেয়েদের ০৩ টি সহ সর্বমোট ১২ টি ক্যাডেট কলেজ রয়েছে। সকল **ক্যাডেট কলেজে ২০২৪ সালে ৭ম শ্রেণিতে ক্যাডেট হিসেবে** ছাত্র/ছাত্রী ভর্তির জন্য প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট থেকে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

২। আবেদন করার সময়সূচি। ০১ নভেম্বর ২০২৩ তারিখ সকাল ০৮০০ ঘটিকা থেকে ১৩ ডিসেম্বর ২০২৩ তারিখ বিকাল ১৭০০ ঘটিকার মধ্যে **www.cadetcollege.army.mil.bd** অথবা **https://cadetcollegeadmission.army.mil.bd** ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে।

৩। পরীক্ষা পদ্ধতি।

| ক্র/নং | ধাপ/পরীক্ষা | তারিখ | সময় | বিষয় এবং নম্বর |
|---|---|---|---|---|
| ক। | লিখিত পরীক্ষা | ২৩ ডিসেম্বর ২০২৩ (শনিবার) | ১০০০-১৩০০ ঘটিকা পর্যন্ত | গণিত-১০০, বাংলা-৬০, ইংরেজী-১০০ এবং সাধারণ জ্ঞান-৪০ |
| খ। | মৌখিক পরীক্ষা | লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের সময় মৌখিক ও স্বাস্থ্য পরীক্ষার তারিখ, সময় ও স্থান ওয়েবসাইটে প্রকাশ করা হবে। | | |
| গ। | স্বাস্থ্য পরীক্ষা | | | |

**উল্লেখিত সকল পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে সামগ্রিক মেধা তালিকা অনুযায়ী চূড়ান্তভাবে প্রার্থী নির্বাচন করা হবে।**

৪। **প্রার্থীর যোগ্যতা**।

ক। **জাতীয়তা**। প্রার্থীকে বাংলাদেশী নাগরিক হতে হবে।

খ। **শিক্ষাগত যোগ্যতা**। প্রার্থীকে ৬ষ্ঠ শ্রেণি অথবা সমমানের ফাইনাল পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

গ। **বয়স**। ০১ জানুয়ারি ২০২৪ তারিখে বয়স সর্বোচ্চ ১৩ বছর ০৬ মাস হবে।

ঘ। **শারীরিক যোগ্যতা**।

(১) **উচ্চতা**। ন্যূনতম ৪ ফুট ৮" ইঞ্চি (বালক/বালিকা উভয় ক্ষেত্রে প্রযোজ্য)।

(২) **সুস্থ্যতা**। প্রার্থীকে অবশ্যই শারীরিক ও মানসিকভাবে সুস্থ্য হতে হবে।

(৩) **দৃষ্টি শক্তি**।

| চশমাবিহীন | চশমাসহ | মন্তব্য |
|---|---|---|
| এক চক্ষুতে ঃ ৬/১২<br>অন্য চক্ষুতে ঃ ৬/১৮ | এক চক্ষুতে ঃ ৬/৬<br>অন্য চক্ষুতে ঃ ৬/৬ | চশমার পাওয়ার কোন চক্ষুতেই (-) 2D এর অধিক হবেনা। এ্যাসটিগম্যাটিজম এর ক্ষেত্রে Spherical Equivalent হিসাব করতে হবে |

৫। **অযোগ্যতা**। নিম্নলিখিত কারণসমূহের জন্য একজন প্রার্থী ভর্তি প্রক্রিয়ার যে কোন ধাপে অযোগ্য হিসেবে বিবেচিত হবেঃ

ক। পূর্বে ক্যাডেট কলেজের ভর্তি পরীক্ষায় অবতীর্ণ হলে।

খ। লিখিত, মৌখিক ও স্বাস্থ্য পরীক্ষায় অযোগ্য হলে।

গ। গ্রস নক নী (Gross Knock Knee), ফ্লাট ফুট (Flat Foot), কলার ব্লাইন্ড (Color Blind) ও অতিরিক্ত ওজন (Over Weight)।

ঘ। এ্যাজমা (Asthma), মৃগী (Epilepsy), হৃদরোগ (Heart Disease), বাত (Arthritis), বাতজ্বর (Rheumatic Fever), যক্ষা (Tuberculosis), পুরাতন আমাশয় (Chronic Dysentery), হেপাটাইটিস (Hepatitis), ডিওডেনাল আলসার (Duodenal Ulcer), রাতকানা (Night Blindness), যেকোন প্রকার ডায়াবেটিস (Diabetes), হেমোফাইলিয়া (Haemophilia), বিছানায় প্রস্রাব করা ইত্যাদি রোগে আক্রান্ত হলে।

ঙ। স্বাস্থ্য পরীক্ষা পর্ষদ কর্তৃক চিহ্নিত অন্যান্য কারণ।

৬। **লিখিত পরীক্ষার কেন্দ্রসমূহ, প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের ঠিকানা এবং যোগাযোগের নম্বর**। লিখিত পরীক্ষার জন্য প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের ঠিকানা এবং যোগাযোগের নম্বরসমূহ নিম্নরুপ। উল্লেখ্য, পরীক্ষা কেন্দ্রের আসন সংখ্যা নির্ধারিত থাকায় পূর্বে আবেদনকারী অগ্রাধিকার ভিত্তিতে কেন্দ্র নির্বাচন করতে পারবেন এবং আবেদন ফরম পূরণ করার পর পরীক্ষা কেন্দ্র পরিবর্তন যোগ্য নয়।

| ক্র/নং | পরীক্ষা কেন্দ্রের নাম | পরীক্ষার্থী | দায়িত্বপ্রাপ্ত ক্যাডেট কলেজ | প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের ঠিকানা | যোগাযোগের নম্বর |
|---|---|---|---|---|---|
| ১। | ফৌজদারহাট ক্যাডেট কলেজ | ছেলে ও মেয়ে | ফৌজদারহাট ক্যাডেট কলেজ | অধ্যক্ষ, ফৌজদারহাট ক্যাডেট কলেজ ডাক ঃ ফৌজদারহাট ক্যাডেট কলেজ, চট্টগ্রাম-৪৩১৬ | ০১৭২৭০০৫০৬০ |
| ২। | ঝিনাইদহ ক্যাডেট কলেজ | ছেলে | ঝিনাইদহ ক্যাডেট কলেজ | অধ্যক্ষ, ঝিনাইদহ ক্যাডেট কলেজ ডাক ঃ ঝিনাইদহ ক্যাডেট কলেজ, ঝিনাইদহ-৭৩০১ | ০১৭৬৯৫৫৬৫১৫ |
| ৩। | বিএন স্কুল এন্ড কলেজ, খুলনা | ছেলে ও মেয়ে | | | |
| ৪। | শিশুকুঞ্জ স্কুল এন্ড কলেজ (ক্যাম্পাস স্কুল) | মেয়ে | | | |
| ৫। | মির্জাপুর ক্যাডেট কলেজ | ছেলে ও মেয়ে | মির্জাপুর ক্যাডেট কলেজ | অধ্যক্ষ, মির্জাপুর ক্যাডেট কলেজ ডাক ঃ মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল-১৯৪২ | ০১৭৭২৫২৫৮০৪ |
| ৬। | সেনা পাবলিক স্কুল এন্ড কলেজ, সাভার | ছেলে ও মেয়ে | | | |
| ৭। | রাজশাহী ক্যাডেট কলেজ | ছেলে ও মেয়ে | রাজশাহী ক্যাডেট কলেজ | অধ্যক্ষ, রাজশাহী ক্যাডেট কলেজ ডাক ঃ সারদা, রাজশাহী-৬২৭১ | ০১৭১২১০১১০০ |
| ৮। | আদমজী ক্যান্টঃ কলেজ, ঢাকা | ছেলে | | | |
| ৯। | সিলেট ক্যাডেট কলেজ | ছেলে ও মেয়ে | সিলেট ক্যাডেট কলেজ | অধ্যক্ষ, সিলেট ক্যাডেট কলেজ ডাক ঃ সিলেট ক্যাডেট কলেজ, সিলেট-৩১০১ | ০১৮৭৮০১৩৭০২ |
| ১০। | শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস স্কুল ও কলেজ, ঢাকা | মেয়ে | | | |

| ক্র/নং | পরীক্ষা কেন্দ্রের নাম | পরীক্ষার্থী | দায়িত্বপ্রাপ্ত ক্যাডেট কলেজ | প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের ঠিকানা | যোগাযোগের নম্বর |
|---|---|---|---|---|---|
| ১১। | রংপুর ক্যাডেট কলেজ | ছেলে ও মেয়ে | রংপুর ক্যাডেট কলেজ | অধ্যক্ষ, রংপুর ক্যাডেট কলেজ ডাক ঃ রংপুর ক্যাডেট কলেজ, রংপুর-৫৪০৪ | ০১৭৭৪০২০৯৯৯ |
| ১২। | রংপুর ক্যান্টঃ পাবলিক স্কুল ও কলেজ | ছেলে ও মেয়ে | | | |
| ১৩। | দি মিলিনিয়াম স্টারস স্কুল ও কলেজ, রংপুর | ছেলে ও মেয়ে | | | |
| ১৪। | বরিশাল ক্যাডেট কলেজ | ছেলে ও মেয়ে | বরিশাল ক্যাডেট কলেজ | অধ্যক্ষ, বরিশাল ক্যাডেট কলেজ ডাকঃ বরিশাল ক্যাডেট কলেজ, বরিশাল-৮২১৬ | ০১৭৩০৪৪৫৫৬৭ |
| ১৫। | পাবনা ক্যাডেট কলেজ | ছেলে ও মেয়ে | পাবনা ক্যাডেট কলেজ | অধ্যক্ষ, পাবনা ক্যাডেট কলেজ ডাক ঃ পাবনা ক্যাডেট কলেজ, পাবনা-৬৬০০ | ০১৭৪৩৭৭৩২৫৪ |
| ১৬। | বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজ, নির্ঝর, ঢাকা সেনানিবাস | মেয়ে | | | |
| ১৭। | নির্ঝর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, ঢাকা সেনানিবাস | ছেলে | | | |
| ১৮। | ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ | মেয়ে | ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ | অধ্যক্ষ, ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ ডাক ঃ ময়মনসিংহ, ময়মনসিংহ-২২০০ | ০১৩২৯৬৪০৪৯০ |
| ১৯। | ময়মনসিংহ ক্যান্টঃ পাবলিক স্কুল ও কলেজ | ছেলে | | | |
| ২০। | কুমিল্লা ক্যাডেট কলেজ | ছেলে ও মেয়ে | কুমিল্লা ক্যাডেট কলেজ | অধ্যক্ষ, কুমিল্লা ক্যাডেট কলেজ ডাক ঃ কোটবাড়ী, কুমিল্লা -৩৫০৩ | ০১৭৭১৭৩৭৪২৮ |
| ২১। | ফেনী গার্লস ক্যাডেট কলেজ | ছেলে ও মেয়ে | ফেনী গার্লস ক্যাডেট কলেজ | অধ্যক্ষ, ফেনী গার্লস ক্যাডেট কলেজ ডাকঃ ফেনী, ফেনী-৩৯০০ | ০১৩১৮৩১৯১৩৯ |
| ২২। | জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ | ছেলে ও মেয়ে | জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ | অধ্যক্ষ, জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ ডাকঃ জয়পুরহাট, জয়পুরহাট-৫৯০০ | ০১৭৭২৮০০৩৮২ |
| ২৩। | বগুড়া ক্যান্টঃ পাবলিক স্কুল ও কলেজ, বগুড়া | ছেলে ও মেয়ে | | | |

**বিশেষ দ্রষ্টব্য** ঃ যোগাযোগের নম্বরসমূহ ১৩ ডিসেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত (শুক্রবার ও সরকারী ছুটির দিন ব্যতীত) সকাল ০৮০০-১৭০০ ঘটিকা পর্যন্ত সচল থাকবে।

৭। **সকল প্রার্থীর জন্য অত্যাবশ্যকীয় কাগজপত্র**। সকল প্রার্থীর জন্য অত্যাবশ্যকীয় কাগজপত্রের তালিকা নিম্নরূপঃ

ক। প্রার্থীর প্রাথমিক শিক্ষা সমাপণী/প্রাথমিক ইবতেদায়ি শিক্ষা সমাপনী/ সমমান পরীক্ষার সত্যায়িত সনদপত্র। ইংরেজী মাধ্যমে অধ্যয়নরত প্রার্থীর ক্ষেত্রে ৫ম/সমমান শ্রেণিতে উত্তীর্ণের প্রধান শিক্ষক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

খ। প্রার্থীর জন্ম নিবন্ধন/জন্ম সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

গ। প্রার্থীর পিতা/অভিভাবক ও মাতার মাসিক আয়ের স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র।

ঘ। প্রার্থীর পিতা ও মাতা/অভিভাবক উভয়ের জাতীয় পরিচয়পত্র, টিআইএন এবং পাসপোর্ট (যদি থাকে) সত্যায়িত ফটোকপি (জাতীয় পরিচয়পত্র না থাকলে যুক্তিযুক্ত কারণ প্রদর্শনপূর্বক প্রত্যয়নপত্র)।

ঙ। প্রধান শিক্ষক কর্তৃক ৬ষ্ঠ অথবা সমমানের (যেকোনো মাধ্যম) পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার সাল এবং রোল নম্বর উল্লেখপূর্বক সনদপত্র। পরীক্ষার ফলাফল প্রকাশিত না হয়ে থাকলে প্রধান শিক্ষক কর্তৃক এই মর্মে সনদ প্রদান করতে হবে যে, '(নাম)................... রোল নং............ অত্র স্কুলে ৬ষ্ঠ শ্রেণি/সমমানের বার্ষিক পরীক্ষায় (বাংলা/ইংরেজী) ..................মাধ্যম/ভার্সন-এ অংশগ্রহণ করেছে এবং পরীক্ষায় কৃতকার্য হবে'।

চ। অনলাইন আবেদনপত্রে Upload করা ছবির অনুরূপ ৪×পাসপোর্ট এবং ৪×স্ট্যাম্প সাইজ (রঙ্গিন) ছবি।

**বিশেষ দ্রষ্টব্য** ঃ সত্যায়িত ফটোকপি'তে প্রত্যয়নকারীর নাম ও পদমর্যাদাসহ অফিসিয়াল সীল ব্যবহার করতে হবে।

৮। **কোটা/ক্যাটাগরি সুবিধা**। কোটা/ক্যাটাগরি সুবিধা প্রাপ্তির জন্য তথ্যসমূহ নিম্নরূপঃ

| ক্র/নং | কোটা/ ক্যাটাগরি | সুবিধা প্রাপ্তির জন্য যোগ্যতা | কোটা/ক্যাটাগরি প্রার্থীর জন্য প্রয়োজনীয় অতিরিক্ত কাগজপত্র | মন্তব্য |
|---|---|---|---|---|
| ক। | মুক্তিযোদ্ধা | মুক্তিযোদ্ধার সন্তান অথবা দৌহিত্র/পৌত্র | ১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত পিতা / মাতা / দাদা / দাদী/নানা/নানীর মুক্তিযোদ্ধার মূল সনদপত্রের সত্যায়িত ফটোকপি।<br>২। প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধা সনদপত্র প্রাপ্ত ব্যক্তির সুনির্দিষ্ট সম্পর্ক উল্লেখপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত সনদপত্র। | **১। কোটা/ক্যাটাগরি সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে অবশ্যই যে কোন ক্যাডেট কলেজ অথবা ঢাকা আর্মি স্টেডিয়ামে স্থাপিত 'E-booth Outlet' এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে।**<br>২। স্তবক ৭ ও ৮ এ উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রার্থীর ছবি (Soft Copy আকারে) সঙ্গে আনতে হবে। |
| খ। | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী (উপজাতি) | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী (উপজাতি) সম্প্রদায়ের সন্তান | পিতা/মাতার নাগরিকত্ব উল্লেখপূর্বক প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদানকৃত | |
| গ। | প্রতিরক্ষা মন্ত্রণালয় (এমওডি) | শুধুমাত্র প্রতিরক্ষা মন্ত্রণালয়ের দপ্তরে (গণভবন কমপ্লেক্স, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭) কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীগণের সন্তান | ১। পিতা/মাতার ব্যক্তিগত (সার্ভিস আইডি) পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।<br>২। চাকুরীর স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র। | |
| ঘ। | সামরিক | কর্মরত অথবা অবসরপ্রাপ্ত শুধুমাত্র সেনা, নৌ এবং বিমানবাহিনীর অফিসার, এএফএনএস, জেসিও, এবং অন্যান্য পদবীর সৈনিকদের সন্তান | **কর্মরত**<br>১। পিতা/মাতার ব্যক্তিগত (সার্ভিস ID) পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।<br>২। চাকুরীর স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র।<br>**অবসরপ্রাপ্ত**<br>পিতা/মাতার পেনশন/খালাসি বইয়ের সত্যায়িত ফটোকপি/জেলা সশস্ত্র বাহিনী বোর্ড কর্তৃক প্রদত্ত সনদপত্র | সামরিক বাহিনীতে (সেনা/নৌ/ বিমানবাহিনী) কর্মরত সদস্যগণ তাদের সার্ভিস আইডি কার্ড এর স্ক্যানকপি আপলোডের মাধ্যমে সরাসরি সামরিক কোটা সুবিধাটি নিতে পারবেন। শুধুমাত্র অবসরপ্রাপ্ত সামরিক সদস্যদের ক্ষেত্রে স্ব স্ব রেকর্ডস এর প্রত্যয়নপত্র/ খালাসী বইয়ের স্ক্যানকপি (রেকর্ডস এর সীল ও স্বাক্ষর সম্বলিত) আপলোডের মাধ্যমে কোটা সুবিধা সরাসরি নিতে পারবেন |
| ঙ। | ক্যাম্পাস (ক্যাডেট কলেজ) | ক্যাডেট কলেজে কর্মরত সদস্যের সন্তান (সশস্ত্রবাহিনীর সদস্য ব্যতীত) | পিতা/মাতার চাকুরীর স্বপক্ষে কলেজ অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র/আইডি কার্ড | প্রত্যয়নপত্র/কলেজ আইডি কার্ডের স্ক্যানকপি আপলোডের মাধ্যমে ক্যাম্পাস কোটা সুবিধাটি সরাসরি নিতে পারবেন |

৯। **প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ**। সফলভাবে অনলাইনে আবেদনপত্র পূরণের পর অন্যান্য প্রার্থীর জন্য স্তবক-৭ এবং কোটা সুবিধা প্রাপ্য প্রার্থীর জন্য স্তবক-৭ ও ৮ এর চাহিদাকৃত কাগজপত্র ১৫"×১০" খামের উপরে ১৫ ডিসেম্বর ২০২৩ তারিখের পর প্রবেশপত্র প্রাপ্তি সাপেক্ষে প্রার্থীর ইনডেক্স নম্বর এবং পরীক্ষা কেন্দ্রের নাম উল্লেখপূর্বক ১৬-২০ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে প্রার্থীর প্রবেশপত্রে উল্লেখিত পরীক্ষা কেন্দ্রের জন্য দায়িত্বপ্রাপ্ত ক্যাডেট কলেজের ঠিকানায় (স্তবক-৬ দ্রষ্টব্য) রেজিষ্টার্ড ডাক/কুরিয়ার/বাহকের মাধ্যমে পৌছাতে হবে।

১০। **আবেদনপত্র পূরণের পদ্ধতি**। নিম্নলিখিত ধাপসমূহ ইন্টারনেটের মাধ্যমে অনলাইনে সঠিকভাবে সম্পন্ন করে আবেদনপত্র পূরণ করতে পারবেনঃ

ক। www.cadetcollege.army.mil.bd ওয়েবসাইটের Home Page এ 'Admission' Menu ক্লিক করতঃ প্রদর্শিত "Welcome to Cadet Colleges Online Admission -2024" এর স্ক্রীনে' Apply Now' বাটনে ক্লিক করতে হবে অথবা https://cadetcollegeadmission.army.mil.bd এর মাধ্যমে সরাসরি "Apply Now" বাটনে ক্লিক করতে হবে।

খ। "Apply Now" বাটনে ক্লিক করলে 'Sign Up' মেন্যু প্রদর্শিত হবে। "Sign Up' মেন্যুতে প্রার্থীর নাম, মোবাইল নম্বর (নম্বর এন্ট্রির পর 'Verify' বাটনে ক্লিক করলে একটি OTP প্রেরণ করা হবে, প্রাপ্ত OTP এন্ট্রি করতঃ 'Verify' সম্পন্ন করতে হবে), পাসওয়ার্ড (পরবর্তীতে ব্যবহারযোগ্য), ই-মেইল এবং সঠিক জন্ম তারিখ এন্ট্রি করতঃ 'Sign Up' বাটনে ক্লিক করতে হবে। ন্যূনতম বয়সসীমার মধ্যে হলে প্রার্থী উপযুক্ত (Eligible) বিবেচিত হবে এবং 'Sign Up' সম্পন্ন হবে। 'Sign Up' সম্পন্ন হলে মোবাইল নম্বর এবং ই-মেইল এর মাধ্যমে User ID এবং Password প্রেরণ প্রাপ্ত হবে। User ID এবং Password প্রাপ্ত হলে 'Log In' বাটনে ক্লিক করে User ID এবং Password ব্যবহার করে 'Log In' করতে হবে।

গ। 'Log In' করার পর 'Payment' মেন্যু প্রদর্শিত হবে। 'Payment' মেন্যুতে প্রদর্শিত bKash, Trust Bank (tap), SSL Commerz (সকল প্রকার Credit/Debit/Wallet), Nagad এবং Rocket (DBBL Nexus pay এবং সকল DBBL Payment) এর মধ্য থেকে যে কোনো একটি মাধ্যমে ২,৫০০/- (দুই হাজার পাঁচশত মাত্র) টাকা অফেরত যোগ্য সফলভাবে অনলাইন পেমেন্ট সম্পন্ন (Payment Successful) করতে হবে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে ফরমটি সম্পূর্ণভাবে পূরণ করতে হবে।

ঘ। সম্পূর্ণ ফরমটি ০৬টি ধাপ (Step) এ বিভক্ত রয়েছে, যা প্রার্থী কর্তৃক প্রতিটি ধাপ সম্পূর্ণভাবে পুরণ করতে হবে। উক্ত ধাপসমূহের মধ্যে যে সকল Attachment আপলোড করতে হবে, তা অবশ্যই স্ব-স্ব Attachment এর সাইজ নির্দিষ্ট ফরমেট অনুযায়ী (অনলাইন ফরমে প্রদর্শিত) হতে হবে।

ঙ। আবেদন পত্রের ০৬টি ধাপ সঠিকভাবে সম্পন্ন করার পর ''Application Preview'' বাটনে ক্লিক করে সকল তথ্য সঠিকভাবে চেক করতঃ সঠিকতা সাপেক্ষে ফরমটি 'Final Submit' দিতে হবে। 'Final Submit' এর পর প্রার্থী কর্তৃক কোন তথ্য পরিবর্তন করা সম্ভব হবে না। Final Submit এর পর 'Print Application Form' বাটনে ক্লিক করে আবেদন ফরমটি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য, স্ক্রীনে প্রদর্শিত সময়ের মধ্যে প্রার্থী কর্তৃক ফরমটি Final Submit না করলেও যদি ০৬টি ধাপের সকল তথ্যাদি সম্পূর্ণ ও সঠিক হয়, তাহলে বরাদ্দকৃত সময় অতিবাহিত হওয়ার পর ফরমটি স্বয়ংক্রিয়ভাবে Final Submit হয়ে যাবে। উল্লেখ্য, কোন প্রার্থীর তথ্য অসম্পূর্ণ থাকলে নির্দিষ্ট সময়ের পর আবেদনটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হিসেবে গণ্য হবে।

চ। উল্লেখ্য, User ID এবং Password পরবর্তীতে প্রবেশপত্র প্রিন্ট/ডাউনলোড এবং প্রার্থীর আবেদন সংক্রান্ত যে কোন অনুসন্ধানের জন্য প্রয়োজন হবে বিধায় অবশ্যই তা সংরক্ষণ করতে হবে ('Sign Up' এর সময় ব্যবহৃত মোবাইল নম্বরটি User ID এবং প্রদত্ত পাসওয়ার্ড ই Password হিসেবে ব্যবহৃত হবে)। প্রার্থী কর্তৃক ফরমটি Final Submit করার পূর্ব সময় পর্যন্ত প্রদত্ত পাসওয়ার্ডটি যে কোন সময় Change Password বাটনে ক্লিক করে পরিবর্তন করা যাবে। তবে, Final Submit করার পরে প্রার্থী কর্তৃক কোন তথ্যই পরিবর্তন করা যাবে না বিধায় ফরম পূরণের সময় যথাযথ/নিশ্চিতভাবে ফরম পূরণ করার জন্য অনুরোধ করা হলো। যদি প্রার্থী কর্তৃক তার Password হারিয়ে ফেলে সেক্ষেত্রে প্রার্থীর নির্বাচিত পরীক্ষা কেন্দ্রের জন্য দায়িত্বপ্রাপ্ত কলেজের ই-বুথ (E-Booth) এর সাথে যোগাযোগ করতে হবে।

ছ। <u>প্রবেশপত্র সংগ্রহ</u>। আবেদন ফরম পূরণের শেষ তারিখ অতিবাহিত হওয়ার পর আগামী ১৫ ডিসেম্বর ২০২৩ তারিখ হতে পরীক্ষার পূর্বের দিন পর্যন্ত প্রবেশপত্র প্রিন্ট/ডাউনলোড করতে পারবে। User ID এবং Password এর মাধ্যমে Login করে Print Admit Card বাটনে ক্লিক করে প্রবেশপত্র (Admit Card) প্রিন্ট/ডাউনলোড করতে পারবেন।

জ। <u>চাহিদাকৃত কাগজপত্র প্রেরণ</u>। সফলভাবে অনলাইন আবেদনপত্র পূরণ শেষে স্তবক-৯ এর নির্দেশনা অনুযায়ী চাহিদাকৃত কাগজপত্র প্রেরণ/জমা করতে হবে।

১১। **<u>ক্যাডেট কলেজ কর্তৃক স্থাপিত 'E-booth Outlet' এর মাধ্যমে আবেদন ও প্রয়োজনীয় কাগজপত্র জমা</u>**। প্রার্থী এবং অভিভাবকগণের সুবিধার্থে অনলাইনে আবেদন ফরম পূরণের জন্য দেশের প্রতিটি ক্যাডেট কলেজে একটি করে এবং ঢাকা আর্মি স্টেডিয়ামে একটি 'E-booth Outlet' থাকবে। যেকোনো 'E-booth Outlet' এ উপস্থিত হয়ে যেকোনো পরীক্ষা কেন্দ্রের জন্য যেকোন প্রার্থী কর্তৃক Online এ আবেদন করা যাবে। প্রতিটি 'E-booth Outlet'-এ আবেদন ফি জমা দেয়ার ব্যবস্থা থাকবে। ক্যাডেট কলেজের 'E-booth Outlet' ০১ নভেম্বর ২০২৩ তারিখ হতে ১৩ ডিসেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত প্রতিদিন (শুক্রবার ও সরকারি ছুটির দিন ব্যতীত) সকাল ০৮০০ ঘটিকা হতে বিকাল ১৭০০ ঘটিকা পর্যন্ত চালু থাকবে।

১২। **<u>প্রসপেক্টাস ও সিলেবাস</u>**। প্রসপেক্টাস ও সিলেবাস www.cadetcollege.army.mil.bd ওয়েব সাইটের 'News' এ পাওয়া যাবে।

১৩। **<u>ত্রুটিপূর্ণ আবেদনপত্র</u>**। স্তবক-৭ এবং ৮ (যার জন্য যা প্রযোজ্য) এ চাহিদাকৃত কাগজপত্রের ঘাটতি গ্রহণযোগ্য নয়। ২১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে চাহিদাকৃত কাগজ-পত্রাদি প্রার্থীর প্রবেশপত্রে উল্লেখিত পরীক্ষা কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত ক্যাডেট কলেজে জমা করতে ব্যর্থ হলে আবেদনপত্র ত্রুটিপূর্ণ/বাতিল হিসেবে গণ্য করা হবে।

১৪। **<u>পরীক্ষার মাধ্যম</u>**। বাংলা/ইংরেজি যেকোনো একটি মাধ্যমে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।

১৫। **<u>লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ</u>**। আগামী জানুয়ারি ২০২৪ মাসের শেষ সপ্তাহে লিখিত পরীক্ষার ফলাফল এবং উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক এবং স্বাস্থ্যগত পরীক্ষার সময়সূচি শুধুমাত্র **www.cadetcollege.army.mil.bd** ওয়েবসাইটে এবং ক্যাডেট কলেজসমূহে যথাসময়ে প্রকাশ করা হবে।

১৬। **<u>সশস্ত্র বাহিনীতে যোগদান</u>**। ক্যাডেট কলেজে শিক্ষা শেষে ক্যাডেটদের সশস্ত্র বাহিনীর কমিশন্ড অফিসার পদে নির্বাচনী পরীক্ষায় অগ্রাধিকার দেয়া হয়। এক্ষেত্রে ক্যাডেটদের ISSB পরীক্ষায় অংশগ্রহণ এবং চূড়ান্তভাবে নির্বাচিত হলে সশস্ত্রবাহিনীতে যোগদান করা বাধ্যতামূলক।

১৭। **বিশেষ নির্দেশাবলি।**

- অনলাইনে আবেদনপত্র পূরণের পূর্বে ভালোভাবে ভর্তি বিজ্ঞপ্তিটি পড়ে নিন এবং **www.cadetcollege.army.mil.bd** ওয়েবসাইটের **'Admission Menu'** এর **Suggestion Box** সমূহে **'How to Apply' – 'Payment Guideline' – 'Category/Quota' Link** এ ক্লিক করে বিস্তারিত নির্দেশনা জেনে নিন।
- প্রার্থী এবং অভিভাবকের উপস্থিতিতে আবেদনপত্র পূরণ ও ছবি আপলোড করে ভর্তি পরীক্ষার কার্যক্রম সম্পন্ন করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।
- অনলাইনে আবেদনপত্র পূরণের সময়ে সঠিক তথ্য প্রদান করুন, যাতে পরবর্তী সময়ে চাহিদাকৃত কাগজপত্রের সাথে তথ্যের মিল থাকে।
- আগামী ২০ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে চাহিদাকৃত কাগজপত্র প্রবেশপত্রে উল্লেখিত পরীক্ষাকেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত ক্যাডেট কলেজে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।
- আবেদন ফরম পূরণের সময় প্রার্থী কর্তৃক পরীক্ষার কেন্দ্র নির্বাচনের সময় সঠিক ও সাবধানতা অবলম্বন করতে হবে। যে কেন্দ্র নির্বাচন করা হবে সে কেন্দ্র ব্যতিত অন্য কোন কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। এছাড়াও পরীক্ষার্থীর জেন্ডার (লিঙ্গ), পরীক্ষার ভার্সন (বাংলা/ইংরেজি) এবং কোটা সংক্রান্ত তথ্য সাবধানতার সঙ্গে পূরণ করতে হবে, কারণ আবেদন সাবমিট করার পর এ সকল তথ্য পরিবর্তন যোগ্য নয়।
- চাহিদাকৃত কাগজপত্রের ঘাটতি, ত্রুটিপূর্ণ কাগজপত্র অথবা তথ্যের গড়মিলের জন্য কর্তৃপক্ষ যেকোনো আবেদনপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- দ্বিতীয়বার পরীক্ষায় অবতীর্ণ হওয়া প্রমাণিত হলে যেকোনো সময়ে এমনকি ভর্তির পরেও প্রার্থীতা বাতিল করা হবে।
- ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য প্রার্থী যে কেন্দ্রে পরীক্ষা দিতে ইচ্ছুক, সেই কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত ক্যাডেট কলেজ কর্তৃপক্ষের সাথে স্তবক-৬ এ উল্লেখিত মোবাইল নম্বরে ১৩ ডিসেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত (শুক্রবার ও সরকারি ছুটির দিন ব্যতীত) সকাল ০৮০০ ঘটিকা হতে বিকাল ১৭০০ ঘটিকার মধ্যে যোগাযোগ করা যাবে।
- প্রার্থীকে পরীক্ষার দিন সকাল ০৮০০ ঘটিকার মধ্যে প্রবেশপত্রসহ (সংশোধন করা হলে সর্বশেষ সংশোধনকৃত) পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
- আবেদনপত্র ফি ২,৫০০/- সঠিকভাবে জমা দেওয়ার পরেই আবেদনটি গৃহীত হবে। সঠিকভাবে আবেদন ফি জমা না হলে আবেদন ফরম পূরণ ও প্রবেশপত্র প্রিন্ট করা যাবে না।
- সফলভাবে আবেদনপত্র ফি জমা দেয়ার ১২ ঘন্টার মধ্যে কনফার্মেশন এসএমএস পাওয়া না গেলে যে মাধ্যমে (Operator) ফি জমা করেছেন, সেই মাধ্যমের কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে হবে।
- সফলভাবে আবেদনপত্র ফি জমা দেয়ার পর আগামী ১৫ ডিসেম্বর ২০২৩ তারিখের পর প্রবেশপত্র প্রাপ্তি না হলে, ক্যাডেট কলেজের যেকোনো 'E-booth Outlet' কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে হবে।
- ভর্তি সংক্রান্ত পরবর্তী সকল ফলাফল/তথ্য শুধুমাত্র **www.cadetcollege.army.mil.bd** ওয়েবসাইটে এবং ক্যাডেট কলেজসমূহে প্রকাশ করা হবে।
- সার্বিক পরিস্থিতির বিষয়টি বিবেচনা করে সকল পরীক্ষার্থীর সাথে শুধুমাত্র ০১ জন করে অভিভাবক আগমনের জন্য অনুরোধ করা হলো।
- বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজ (বিআইএসসি), নির্ঝর, ঢাকা সেনানিবাস এবং নির্ঝর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, ঢাকা সেনানিবাস পরীক্ষা কেন্দ্রের প্রার্থীগণকে ভাষানটেক গেইট দিয়ে গমনাগমন করার জন্য অনুরোধ করা হলো।

---

- ❖ **অনলাইনে আবেদনের ওয়েবসাইট** : **www.cadetcollege.army.mil.bd**
- ❖ **আবেদনের সময়সীমা** : ০১ নভেম্বর ২০২৩ তারিখ, সকাল ০৮০০ ঘটিকা হতে ১৩ ডিসেম্বর ২০২৩ তারিখ বিকাল ১৭০০ ঘটিকা পর্যন্ত।
- ❖ **লিখিত পরীক্ষার তারিখ** : ২৩ ডিসেম্বর ২০২৩ তারিখ সকাল ১০০০ - ১৩০০ ঘটিকা
- ❖ **মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী (উপজাতি) এবং প্রতিরক্ষা মন্ত্রণালয় (এমওডি) কোটা/ক্যাটাগরি সুবিধা প্রাপ্তির জন্য অবশ্যই চাহিদাকৃত কাগজপত্রসহ যে কোন ক্যাডেট কলেজ অথবা ঢাকা আর্মি স্টেডিয়ামে স্থাপিত 'E-booth Outlet এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। অন্যথায় কোটা সুবিধা প্রাপ্ত হবে না।**
- ❖ পরীক্ষা কেন্দ্রের আসন সংখ্যা নির্ধারিত থাকায় পূর্বে আবেদনকারী অগ্রাধিকার ভিত্তিতে কেন্দ্র নির্বাচন করতে পারবেন এবং আবেদন ফরম পূরণ করার পর পরীক্ষা কেন্দ্র পরিবর্তন যোগ্য নয়।

---

**বিশেষ দ্রষ্টব্য: দেশের সার্বিক পরিস্থিতি বিবেচনায় উল্লিখিত লিখিত পরীক্ষার তারিখ পুনঃ নির্ধারিত হতে পারে।**

এ্যাসিসটেন্ট এ্যাডজুটেন্ট জেনারেল (ক্যাডেট কলেজেস)
ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ
এ্যাডজুটেন্ট জেনারেল শাখা
সেনাসদর, ঢাকা সেনানিবাস